



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো এই সপ্তাহে লং আইল্যান্ডে তিনটি অতিরিক্ত গণ টিকা প্রদান সাইট খোলার ঘোষণা দিয়েছেন

ওল্ড ওয়েস্টবেরি, ব্রেন্টউড ও সাউদাম্পটন সাইট শুক্রবার খোলা হবে; তিনটি সাইটই সকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকবে।

অ্যাপয়েন্টমেন্ট 17 মার্চ বুধবার সকাল ৪:০০ থেকে খোলা ; যোগ্য নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্কের ['আমি কি যোগ্য \(Am I Eligible\)'](#) ওয়েবসাইট ব্যবহার করে অথবা COVID-19 টিকা প্রদান হটলাইন 1-833-NYS-4-VAX এ কল করে অ্যাপয়েন্টমেন্ট মশিডিউল করতে পারবেন

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে এই সপ্তাহে লং আইল্যান্ডে তিনটি অতিরিক্ত গণ টিকা প্রদানের সাইট খোলা হবে। সাইটগুলো ব্রেন্টউড, ওল্ড ওয়েস্টবেরি ও সাউদাম্পটনে অবস্থিত হবে। তিনটি সাইটই ফেডারেল সরকারের সরবরাহের উপর নির্ভর করে দৈনিক এক হাজারেরও বেশি নিউ ইয়র্কবাসীকে টিকা দেওয়ার ক্ষমতা থাকবে। 17 মার্চ বুধবার সকাল ৪:০০ টায় বুকিংয়ের জন্য অ্যাপয়েন্টমেন্ট উপলভ্য হবে।

"নিউ ইয়র্কবাসীরা নিয়ম মেনে শৃঙ্খলা এবং নিষ্ঠা প্রদর্শন করেছে এবং বিশ্বাসের গতি কমিয়ে দিয়েছে এবং এখন যখন আমাদের কাছে এই টিকা আছে, তখন সেই প্রচেষ্টা গুলো কার্যকর হচ্ছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা যত দ্রুত সম্ভব এবং দক্ষতার সাথে টিকা পেতে স্টেটের টিকা বিতরণ নেটওয়ার্ক দ্রুত প্রসারিত করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই তিনটি সাইট লং আইল্যান্ডবাসীদের এই টিকা অ্যাক্সেস করতে এবং মানসিক শান্তি পেতে সাহায্য করবে যেহেতু আমরা মহামারির সাথে লড়াই চালিয়ে যাচ্ছি। যেহেতু স্টেট আরো সরবরাহ পাবে আমরা আমাদের বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ ও আরো নিউ ইয়র্কবাসীদের টিকা প্রদান অব্যাহত রাখবো এবং এই প্রচেষ্টা আমাদের এই চ্যালেঞ্জিং সময়ের মধ্যে দিয়ে স্টেট কে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।"

যোগ্য নিউ ইয়র্কবাসীরা এখন নিউ ইয়র্কের ['আমি কি যোগ্য'](#) ওয়েবসাইট অথবা স্টেটের COVID-19 টিকা প্রদান হটলাইনে 1-833-NYS-4-VAX (1-833-697-4829) এ কল করে অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন।

প্রতিটি সাইট সকাল ৪ টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকবে। স্থানগুলো নীচে:

SUNY Old Westbury

SUNY Old Westbury
Clark Center – Gate C
Store Hill Road and Cherry Road
Old Westbury NY 11568

SCCC Brentwood

Suffolk County Community College
Suffolk Federal Credit Union Arena
1001 Crooked Hill Road
Brentwood, NY 11717

Southampton

SUNY Stony Brook Southampton Campus
70 Tuckahoe Road
Southampton, NY 11968

এই তিনটি সাইট প্রতিষ্ঠা ইতোমধ্যে নিউ ইয়র্কের বিশাল টিকা বিতরণ নেটওয়ার্ককে আরো প্রসারিত করেছে। নিউ ইয়র্ক ইতোমধ্যে স্টেট পরিচালিত আরও 13টি গণটিকা প্রদান সাইট স্থাপন করেছে, কিন্তু এই টিকার ন্যায্য এবং সমান বিতরণ নিশ্চিত করতে গভর্নরের আদেশ পূরণের জন্য, অনগ্রসর সম্প্রদায়ে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের সরাসরি টিকা পাওয়া নিশ্চিত করার জন্য আরও অসংখ্য সাইট স্থাপন করা হয়েছে। এর মধ্যে রয়েছে ছয়টি যৌথ স্টেট-FEMA সম্প্রদায় ভিত্তিক টিকা প্রদান সাইট, ইয়াক্সি স্টেডিয়ামের টিকা প্রদান সাইট এবং পাবলিক হাউজিং ডেভেলপমেন্ট, চার্চ ও কমিউনিটি সেন্টারে 145টিরও বেশি কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইট অন্তর্ভুক্ত রয়েছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)